



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র/২০১১/১৬৬৫

তারিখঃ ১৭/১১/২০১৪


প্রেস বিজ্ঞপ্তি

সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড এর মোবাইল SMS পদ্ধতিতে ট্রানজেকশন তথ্য সেবা এবং ইন্টারনেট লগ-ইন পদ্ধতিতে বিও হিসাব তথ্য সেবাগুলিকে বিও হিসাবধারী গ্রাহকগণের নিকট অধিকতর জনপ্রিয়, সহজপ্রাপ্য এবং ব্যবহার উপযোগী করার লক্ষ্যে বিশেষ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এতে গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাবে এবং উক্ত সেবা সমূহ ব্যবহার করে গ্রাহকগণ উপকৃত হবেন। উক্ত পদক্ষেপগুলি নিম্নরূপঃ

- (ক) গ্রাহকগণের জন্য সংশ্লিষ্ট ডিপোজিটরির নিকট সেবার আবেদন পত্র ও ফি জমা দেয়ার পদ্ধতির প্রবর্তন করা এবং প্রয়োজনীয় সহায়তার ব্যবস্থা করা;
- (খ) সেবাগুলিকে আরও উন্নততর এবং প্রয়োজনীয় তথ্য সমৃদ্ধ করা;
- (গ) পুঁজিবাজারের বিনিয়োগকারীদের অবগতি এবং সচেতনতার জন্য পদক্ষেপ (ক) এ বর্ণিত বিষয়টি প্রিন্ট মিডিয়া, ইলেকট্রনিক মিডিয়া এবং উভয় স্টক এক্সচেঞ্জের ট্রেডিং ওয়ার্ক স্টেশনে স্ক্রল হিসাবে বহুল প্রচারের ব্যবস্থা করা;
- (ঘ) উক্ত সেবা বিষয়ে পর্যাপ্ত তথ্য নিরাপত্তা নিশ্চিত করা।

২০শে ডিসেম্বর ২০১৪ এর মধ্যে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড কে প্রয়োজনীয় নির্দেশ প্রদান করা হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে



২৭/১১/২০১৪

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র